



স্মারক নং-৫১.০১.৯০০০.০০০.৪১.০০৩.১৯-৩৮৯

তারিখ: ২৩/০৭/২০২০খ্রি:

বিষয়: শিশু খাদ্য ক্রয় বাবদ অর্থ উপ-বরাদ্দ প্রসঙ্গে।

সূত্র : ০১। দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা এর ০৫/০৭/২০২০ তারিখের ৫১.০০.০০০০.৪১২.১৪.০৩৭.২০.২৩১ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অতিবৃষ্টিতে সৃষ্টবন্যায় ক্ষতিগ্রস্তদের মাঝে মানবিক সহায়তা হিসেবে শিশু খাদ্য বিতরণের নিমিত্ত নিম্নবর্ণিত ছক অনুযায়ী শিশু খাদ্য ক্রয় বাবদ (নগদ) সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারগণের অনুকূলে উপ-বরাদ্দ প্রদান করা হলো। উপ-বরাদ্দকৃত নগদ অর্থ নিম্নোক্ত শর্ত মোতাবেক বিতরণ করতে হবে।

ক্র. নং	উপজেলার নাম	চলমান বন্যায় শিশু খাদ্য ক্রয় বাবদ (নগদ)	চেক নং	তারিখ
০১	দোয়ারাবাজার	৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা	০৬৫৮৪৪৫	২৩/০৭/২০২০
০২	তাহিরপুর	৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা	০৬৫৮৪৪৬	২৩/০৭/২০২০
০৩	দক্ষিণ সুনামগঞ্জ	৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা	০৬৫৮৪৪৭	২৩/০৭/২০২০
০৪	দিরাই	৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা	০৬৫৮৪৪৮	২৩/০৭/২০২০
০৫	শাল্লা	৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা	০৬৫৮৪৪৯	২৩/০৭/২০২০
		২০০,০০০/- (দুই লক্ষ) টাকা		

শর্তসমূহঃ

- ১) উপ-বরাদ্দকৃত ত্রাণ কার্য (নগদ) সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার দুর্যোগ পরিস্থিতিতে মানবিক সহায়তা কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা ২০১২-২০১৩ এবং ক্ষতিগ্রস্ত এলাকা বিবেচনায় অগ্রাধিকার তালিকা প্রস্তুত সংক্রান্ত গাইড লাইন অনুসরণপূর্বক সরকারি বিধিবিধান পালন পূর্বক নিরীক্ষার জন্য প্রয়োজনীয় হিসাব সংরক্ষণ করবেন।
- ২) উপজেলা নির্বাহী অফিসার তাঁর অনুকূলে জারিকৃত উপ-বরাদ্দ পত্রটি তাঁর ওয়েবসাইটে upload করবেন। এছাড়া উপজেলার তথ্য বাতায়নে সকল বরাদ্দপত্র upload করবেন।
- ৩) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের পক্ষে ত্রাণ কার্য (নগদ) বিতরণ করা হচ্ছে বিষয়টি ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়াকে অবহিত করতে হবে।
- ৪) শিশু খাদ্য হিসেবে খেজুর, বিস্কুট, ফার্টিফাইড তৈল, ব্রাউন চিনি, সুজি, মশুরির ডাল, সাগু, ফার্টিফাইড চাল, ওয়াটার পিউরিফাইড ট্যাবলেট, বাদাম, মানসম্মত রেডিমেট ফুড ইত্যাদি খাদ্যদ্রব্য স্থানীয়ভাবে ক্রয় করে বিতরণ করতে হবে।
- ৫) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান দায়িত্বপ্রাপ্ত তদারকি কর্মকর্তার উপস্থিতিতে ত্রাণ বিতরণ কার্যক্রম পরিচালনা করবেন।
- ৬) উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক নিয়োগকৃত ট্যাগ অফিসার/ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার মাধ্যমে বিতরণ কাজ নিশ্চিত করতে হবে।
- ৭) বিতরণ কাজে কোন অনিয়ম / দুর্নীতি/ স্বজনপ্রীতি করা হলে সংশ্লিষ্ট আইনে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৮) যারা প্রকাশ্যে ত্রাণ গ্রহণে অনিচ্ছুক তাদেরকে নির্বাচনপূর্বক অগ্রাধিকার তালিকায় অন্তর্ভুক্ত করে তাদের বাড়িতে ত্রাণ সামগ্রী পৌঁছে দিতে হবে।
- ৯) ত্রাণসামগ্রীর মোড়ক/ প্যাকেটে মাননীয় প্রধানমন্ত্রীর সরকারি ছবিসহ "মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপহার" এবং বস্তায় মাননীয় প্রধানমন্ত্রীর ছবি ব্যতীত "মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপহার" লিখতে হবে।
- ১০) ত্রাণ কার্য বিতরণ সম্পন্ন পূর্বক এ কার্যালয়ে প্রতিবেদন প্রেরণ করতে হবে।

উপজেলা নির্বাহী অফিসার

দোয়ারাবাজার/তাহিরপুর/ দক্ষিণ সুনামগঞ্জ/ দিরাই / শাল্লা, সুনামগঞ্জ।


(মোহাম্মদ আব্দুল জাহিদ)

জেলা প্রশাসক

সুনামগঞ্জ।

ফোন: ০৮৭১-৬২০০০

dcsunamganj@mopa.gov.bd

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা / মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ০২। সচিব, খাদ্য মন্ত্রণালয় / দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/ সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
- ০৪। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।
- ০৬। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/ (রাজস্ব)/ (শিক্ষা ও আইসিটি)/ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, সুনামগঞ্জ।
- ০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ।
- ০৮। প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ। (পত্রটি জেলা তথ্য বাতায়নে upload করার জন্য অনুরোধ করা হল।)
- ০৯। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সুনামগঞ্জ।
- ১০। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সুনামগঞ্জ।
- ১১। অফিস নথি।